# চলমান উন্নয়ন প্রকল্পসমূহের কার্যক্রমের অগ্রগতির বিবরণ

## ১০.১ যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্প

দেশে সড়ক দুর্ঘটনা রোধকল্পে যানবাহন চালনায় দক্ষ ড্রাইভার তৈরি করে দেশে কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে এ প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পের আওতায় ৪০টি কেন্দ্রে ৬৪টি জেলার প্রশিক্ষণার্থীগণ অংশগ্রহণ করতে পারবে। প্রকল্পটি বাস্তবায়িত হলে ৪০০০০ জন কর্মপ্রত্যাশী যুবক ও যুবমহিলা যানবাহন চালনা বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে দেশে ও বিদেশে কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের সুযোগ পাবে। উদ্বোধনের পর থেকে প্রকল্পের আওতায় জুন, ২০২৩ পর্যন্ত ৮টি ব্যাচে ১২,৪১৩ জন যুবকে গাড়িচালনা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তন্মধ্যে পেশাদার লাইসেন্স পেয়েছেন ৫,৮৬৫ জন এবং আত্মকর্মী হয়েছেন ১,৬৮০ জন।

| কার্যক্রম | প্রাক্কলিত ব্যয় | অগ্রগতি |
|---|---|---|
| মোট প্রকল্প ব্যয় (জানুয়ারি ২০২১- ডিসেম্বর ২০২৩) | ১০৫৯৪.০০ লক্ষ টাকা | ৫৭৭৭.৯৬ লক্ষ টাকা |
| ২০২২-২০২৩ অর্থ বছরে এডিপি বরাদ্দ | ১৪৩৫.০০ লক্ষ টাকা | ১৪০৩.৫৬ লক্ষ টাকা |
| জুন ২০২৩ পর্যন্ত ৮টি ব্যাচে প্রশিক্ষণ | ১২৮০০ জন | ১২,৪১৩ জন |
| জুন ২০২৩ পর্যন্ত পেশাদার লাইসেন্স পেয়েছেন | - | ৫,৮৬৫ জন |
| জুন ২০২৩ পর্যন্ত আত্মকর্মী হয়েছেন | - | ১,৬৮০ জন |

## ১০.২ টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর আন্ডারপ্রিভিলেজড রুরাল ইয়াং পিপল অব বাংলাদেশ (টেকাব ২য় পর্যায়) শীর্ষক প্রকল্প

শহর ও গ্রামের যুবদের মধ্যে দক্ষতাও তথ্য প্রযুক্তির ব্যবধান হ্রাস করে কম্পিউটার প্রশিক্ষণে গ্রামের ১৮-৩৫ বছরের শিক্ষিত সুবিধা বঞ্চিত দরিদ্র যুবদের অংশগ্রহণের জন্য প্রত্যন্ত গ্রাম পর্যায় পর্যন্ত কম্পিউটার প্রশিক্ষণ সুবিধা সম্প্রসারণের লক্ষ্যে 'টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর আন্ডারপ্রিভিলেজড রুরাল ইয়াং পিপল অব বাংলাদেশ (টেকাব ২য় পর্ব)' শীর্ষক প্রকল্পটি বাস্তবায়ন করা হচ্ছে। এ প্রকল্পের আওতায় ভ্রাম্যমান আইসিটি প্রশিক্ষণ ভ্যানের (মিনিবাস) মাধ্যমে যুবদের দোরগোড়ায় প্রশিক্ষণ সুবিধা পৌঁছে দেওয়া হচ্ছে। প্রতিটি ভ্রাম্যমান আইসিটি প্রশিক্ষণ ভ্যানে এগারটি ল্যাপটপ, ভ্রাম্যমান ইন্টারনেট সুবিধা, মাল্টিমিডিয়া প্রজেক্টর, অডিও সিস্টেম, জেনারেটরসহ কম্পিউটার প্রশিক্ষণের আধুনিক সকল সুযোগ সুবিধা রয়েছে। প্রতিটি ভ্রাম্যমান আইসিটি প্রশিক্ষণ ভ্যান প্রতি উপজেলায় দুই মাস অবস্থান করে প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। এভাবে পর্যায়ক্রমে চাহিদা অনুযায়ী প্রতিটি বিভাগের সকল উপজেলায় (সদর উপজেলা ব্যতীত) প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করা হবে।

প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ৪৬১৮.০০ লক্ষ টাকা। প্রকল্পের বাস্তবায়নকাল ৩ (তিন) বছর ০১-০১-২০২২ ইং হতে ৩১-১২-২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত। প্রশিক্ষণের মোট লক্ষ্যমাত্রা- ১২৮৮০ জন। ১৪টি আইসিটি প্রশিক্ষণ ভ্যান দিয়ে প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্প হতে অংশগ্রহণকারীদের প্রতি কর্ম দিবসে জন প্রতি ২০০/- টাকা হারে প্রশিক্ষণ ভাতা/যাতায়াত ভাতা প্রদান করা হয়। এছাড়া প্রশিক্ষণার্থীদের আপ্যায়নের জন্য প্রতি কর্ম দিবসে জনপ্রতি ১০০/- টাকা হারে প্রদান করা হয়।

**প্রকল্পের উদ্দেশ্য**

- গ্রামাঞ্চলের দরিদ্র সুবিধা বঞ্চিত যুবদের কম্পিউটার প্রশিক্ষণে অংশগ্রহণের সুযোগ সৃষ্টি;
- দরিদ্র যুবদের নিজ নিজ অবস্থানে রেখে বিনামূল্যে প্রশিক্ষণ গ্রহণের সুযোগ সৃষ্টি;
- আইসিটি বিষয়ক চাকুরির ক্ষেত্রে গ্রামীণ দরিদ্র যুবদের প্রতিযোগিতার সক্ষমতা বৃদ্ধি করা;
- গ্রামীণ ও শহুরে যুবদের মধ্যে তথ্যপ্রযুক্তি বিষয়ক জ্ঞানের ব্যবধান হ্রাস করা।
- প্রতিবন্ধী ও চর এলাকার পিছিয়ে পড়া যুবদের প্রশিক্ষণ গ্রহণের সুযোগ দেয়া।

| কার্যক্রম | লক্ষ্যমাত্রা | অগ্রগতি |
|---|---|---|
| মোট প্রকল্প ব্যয় (জানুয়ারি ২০২২ - ডিসেম্বর ২০২৪) | ৪৬১৮.০০ লক্ষ টাকা | ১৪৩০.৭৩ লক্ষ টাকা |
| ২০২২-২০২৩ অর্থ বছরে এডিপি বরাদ্দ | ৮৫০.০০ লক্ষ টাকা | ৬২০.৭৮ লক্ষ টাকা |
| প্রকল্প মেয়াদে প্রশিক্ষণ | ১২৮৮০ জন | ২৭৯৮ জন (জুন ২৩) |

## ১০.৩ দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তিনির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা ইমপ্যাক্ট- ৩য় পর্যায় (১ম সংশোধিত) প্রকল্প

গবাদিপশু ও মুরগি পালন বিষয়ে আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প গ্রহণকারীদের প্রকল্পের উচ্ছিষ্ট ব্যবহারের মাধ্যমে গ্রাম পর্যায়ে বায়োগ্যাস উৎপাদন করে জ্বালানি চাহিদা পূরণ করা এ প্রকল্পের অন্যতম উদ্দেশ্য। ইতোপূর্বে প্রকল্পের ২টি পর্যায় সমাপ্ত হয়েছে। প্রকল্পের ২য় পর্ব সফলভাবে বাস্তবায়িত হওয়ায় ৩য় পর্বের কাজ শুরু হয়েছে। প্রকল্পের মেয়াদ ০১-০৭-২০২১ থেকে ৩০-০৬-২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ২৩৬০০.০০ লক্ষ টাকা। তদপ্রেক্ষিতে বিগত ১৯/০৭/২০২২ খ্রি. তারিখে আরডিপিপি প্রণয়ন করা হয়েছে পরিবেশবান্ধব এ প্রকল্পের কার্যক্রম ৩য় পর্যায়ে দেশের সকল জেলার ৪৯২ টি উপজেলায় কার্যক্রম চলমান রয়েছে। জ্বালানি চাহিদা। পুরণের লক্ষ্যে প্রকল্প মেয়াদে সর্বোচ্চ ৩২,০০০টি বায়োগ্যাস প্লান্ট স্থাপন করা হবে। আগস্ট/২০২৩ পর্যন্ত মাঠ পর্যায়ে ৪৩৩২ জন কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ৭৮৪টি বায়োগ্যাস প্লান্ট স্থাপন করা হয়েছে। এ সকল বায়োগ্যাস প্লান্ট স্থাপনের ফলে স্থানীয় পরিবেশের ব্যাপক উন্নয়ন ঘটবে।

| কার্যক্রম | লক্ষ্যমাত্রা | অগ্রগতি |
|---|---|---|
| মোট প্রকল্প ব্যয় (জুলাই ২০২১- জুন ২০২৪) | ২৩৬০০.০০ লক্ষ টাকা | ১০৬৩.৯২ লক্ষ টাকা |
| ২০২২-২০২৩ অর্থ বছরে এডিপি বরাদ্দ | ১৯৫১.০০ লক্ষ টাকা | ১০৩০.৮৩ লক্ষ টাকা |
| প্রকল্প মেয়াদে প্রশিক্ষণার্থীর সংখ্যা | ৬৪০০ জন | ৬৪০ জন (জুন ২০২৩) |

## ১০.৪ শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি প্রকল্প

দেশের শিক্ষিত বেকার যুবকদের মধ্য হতে কর্ম প্রত্যাশীদের আত্মকর্মী হিসেবে গড়ে তোলার লক্ষ্যে প্রকল্পটি গ্রহণ করা হয়। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৪৭৫০.০০ লক্ষ টাকা।

১. কর্মপ্রত্যাশী যুবদের কম্পিউটার প্রশিক্ষণের মাধ্যমে আউটসোর্সিং এর উপযোগী করে কর্মসংস্থানের ব্যবস্থা করা।
২. আউটসোর্সিং এর মাধ্যমে যুবদের স্বনির্ভরতা অর্জনে সহায়তা করা।
৩. আউটসোর্সিং এর মাধ্যমে বৈদেশিক মুদ্রা অর্জন করা।

**লক্ষ্যমাত্রা :**

- আউটসোর্সিং এর মাধ্যমে ০৮টি বিভাগের ১৬ টি জেলায় শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের মধ্যে ৬৪০০ জনকে স্বাবলম্বী করা ;
- সোসাইটি ফর পিপলস এডভান্সমেন্ট ( এসপিএ) এর বিভিন্ন কার্যালয়ে ১০০০ জনের কর্মসংস্থানের ব্যবস্থা করা।

| কার্যক্রম | লক্ষ্যমাত্রা | অগ্রগতি |
|---|---|---|
| মোট প্রকল্প ব্যয় (জুলাই ২০২২- জুন ২০২৫) | ৪৭৫০.০০ লক্ষ টাকা | ২১৫.৫০ লক্ষ টাকা |
| ২০২২-২০২৩ অর্থ বছরে এডিপি বরাদ্দ | ৪৯৬.০০ লক্ষ টাকা | ২১৫.৫০ লক্ষ টাকা |
| প্রকল্প মেয়াদে প্রশিক্ষণার্থীর সংখ্যা | ৬৪০০ জন | ৬৪০ জন (জুন'২০২৩) |

## ১০.৫ লাইফ স্কিলস এডুকেশন ইন ইয়ুথ ট্রেনিং সেন্টার এন্ড স্ট্রেন্দেনিং অব ন্যাশনাল ইয়ুথ প্লান (LYTC & SNYP) প্রকল্প

UNFPA এর অর্থায়নে Life Skills Education in Youth Training Center & Strengthening of National Youth Platform শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পটি ০১-০৭-২০২২ খ্রি. হতে ৩০-০৬-২০২৬ খ্রি. মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের আওতায় ২০টি যুব প্রশিক্ষণ কেন্দ্রে যুবদের জীবন দক্ষতা প্রশিক্ষণ প্রদানে যুব উন্নয়ন অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধি ও বাস্তবায়নে কাজ করছে। এ প্রশিক্ষণে যুব নেতৃত্ব বিকাশ ঘটবে। জাতীয় নীতি নির্ধারণী সংলাপে যুব ফোরামের অংশগ্রহণ নিশ্চিত করা হচ্ছে।

| কার্যক্রম | লক্ষ্যমাত্রা | অগ্রগতি |
|---|---|---|
| মোট প্রকল্প ব্যয় (জুলাই ২০২২- জুন ২০২৬) | ৪২১.০০ লক্ষ টাকা | ১৪.১৭ লক্ষ টাকা |
| ২০২৩-২০২৪ অর্থ বছরে এডিপি বরাদ্দ | ১২২.৫৯ লক্ষ টাকা | ১.০৪ লক্ষ টাকা |
| ইয়্যুথ কাউন্সিল সদস্যদের কর্মশালায় অংশগ্রহণ | ৭৫ জন | ৭৫ জন |

## ১০.৬ Economic Acceleration and Resilience for NEET (EARN) Project

বিশ্ব ব্যাংকের আর্থিক সহায়তায় এদেশের যুবদের উন্নয়ন ও ভাগ্য পরিবর্তনের জন্য Economic Acceleration and Resilience for NEET (EARN) প্রকল্প একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে। ৩,৩৪৮০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০২৩ - জুন ২০২৮ মেয়াদে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। 'EARN' প্রকল্পটি অনন্য দৃষ্টান্ত স্থাপন করবে। দেশের ৯ লক্ষ যুব প্রত্যক্ষ এবং ২০ লক্ষ যুব পরোক্ষভাবে এ প্রকল্পের সুবিধাভোগী হবেন। নারীর ক্ষমতায়নে এ প্রকল্পের সকল কার্যক্রমে ৬০% যুব মহিলার অংশগ্রহণ নিশ্চিত করা হবে।

**'EARN' প্রকল্পের কার্যক্রম**

১) ৫০০০ হাজার ভিলেজ লেভেল ট্রেনিং সেন্টার স্থাপন করা হবে;
২) ০৫ লক্ষ যুব ও যুবনারীকে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হবে;
৩) ২৫০০০ যুবক ও যুবনারীকে অনলাইন ট্রেনিং প্রদান করা হবে;
৪) ২৫০০০ যুবক ও যুবনারীকে তাদের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে ইনোভেশন ফান্ড প্রদান করা হবে;
৫) প্রশিক্ষণার্থীদের জন্য ২০টি উপজেলায় কমিউনিটি সাপোর্ট চাইল্ড কেয়ার ফ্যাসিলিটিজ ডেভেলপ করা হবে।
৬) স্কুল কলেজ থেকে ঝরেপরা ১ লক্ষ যুবক ও যুবনারীকে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ বৃত্তি প্রদান করা হবে।
৭) প্রতিটি উপজেলায় প্রতি বছর কর্মপ্রত্যাশী যুব এবং কর্মে নিয়োগকারী প্রতিষ্ঠানের সাথে জব ফেয়ার আয়োজন করা হয়।
৮) ০১ লক্ষ যুবক ও যুবনারীকে ০৬ মাসব্যাপী ইন্টার্ণশিপ ট্রেনিং দেয়া হবে।
৯) দেশের ২৫০০ ইউনিয়নে ২৫০০ কমিউনিটি গ্রুপ তৈরি করা হবে।
১০) নিবন্ধিত যুব সংগঠনের ৫০ হাজার যুবকে লিডারশিপ ডেভেলপমেন্ট ট্রেনিং প্রদান করা হবে।
১১) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ, ক্রীড়া পরিদপ্তর, বিকেএসপি এবং শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা উন্নয়নে দেশ-বিদেশে প্রশিক্ষণ প্রদান করা হবে।
১২) সকল ক্ষেত্রে ডিজিটাল পেমেন্ট এবং একাউন্টস সিস্টেম চালু করা হবে।
১৩) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতায় জেলা পর্যায়ের অফিসসমূহ উন্নয়নে অনুদান প্রদান করা হবে।

এছাড়াও চাহিদা ভিত্তিক প্রযুক্তিনির্ভর কর্মসূচি গ্রহণ করা হবে।

| কার্যক্রম | লক্ষ্যমাত্রা | অগ্রগতি |
|---|---|---|
| মোট প্রকল্প ব্যয় (জুলাই ২০২৩- জুন ২০২৮) | ৩৩৪৮০০.০০ লক্ষ টাকা | নতুন প্রকল্প |